বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

০৬ AUG 1989
তারিখ ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৪

৬৭

## কবি নজরুল কলেজ
## চার ছাত্রকে বাধ্যতামূলক ছাড়পত্র

কবি নজরুল সরকারী কলেজ শিক্ষক পরিষদের এক জরুরী সভা সম্প্রতি কলেজ অধ্যক্ষ এ কে এম কাজী আবদুর রবের সভাপতিত্বে তার বাসভবনে অনুষ্ঠিত হয়। সভায় কলেজ শিক্ষার পরিবেশ এবং সৃষ্ট সন্ত্রাস সম্পর্কে আলোচনা হয়।

সভায় সন্ত্রাস সৃষ্টির জন্য কলেজ ছাত্র সংসদের সাবেক সাধারণ সম্পাদক মুজাফফর হোসেন লাবলুর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করায় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। সভায় কলেজ ক্যাম্পাসে পুলিশ প্রহরার ব্যবস্থা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কলেজ প্রশাসনকে সব রকম সহায়তা দানের আহ্বান জানানো হয়।

সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে কলেজের শিক্ষার পরিবেশন নষ্ট, শৃংখলা ভঙ্গ ও সন্ত্রাস সৃষ্টির কারণে মোজাফফর হোসেন লাবলু, মোহাম্মদ মোহসীন, খয়েরুল আবেদীন ও রিয়াজ আহমদকে বাধ্যতামূলক ছাড়পত্র প্রদান হবে।

সভায় কলেজ পরিস্থিতি অবনতি হওয়ায় গতকাল শনিবার থেকে এক সপ্তাহের জন্য কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়। খবর বিজ্ঞপ্তির।